

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা

সার-সংক্ষেপ

প্রকল্পের নাম	: অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প
মেয়াদকাল	: সেপ্টেম্বর, ২০১৪ হতে জুন, ২০১৮
প্রকল্প পরিচালক	: যতন কুমার সাহা, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
মোট বরাদ্দ	: ১৮৪২.০০ লক্ষ টাকা (জিওবি)
বাৎসরিক প্রাক্কলন	: ২০১৫-১৬ অর্থ বছরে এডিবি বরাদ্দ ৫৩৭.০০ লক্ষ টাকা

পটভূমিঃ

অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং প্রকল্পের গুরুত্ব বিবেচনায় আইএমইডি বিভাগ কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন নিম্নবর্ণিত সুপারিশ করেছেঃ “সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত আলোচ্য প্রকল্পটি নিঃসন্দেহে একটি জনগুরুত্বপূর্ণ প্রকল্প। এ প্রকল্পের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আইসিটি বিষয়ক দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সম্পূর্ণ আইসিটি নির্ভর ও আধুনিক প্রযুক্তিভিত্তিক হওয়ায় এর কার্যক্রম চলমান। এ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে বাস্তবায়নকারী সংস্থাসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যিক”। আইএমইডি এর সুপারিশ অনুসারে প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার্থে অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং প্রকল্প (২য় পর্যায়) প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিসের সাথে ইন্টারনেট সংযোগস্থাপন, হেড অফিসে স্থাপিত নেটওয়ার্ক ও জেলা উপজেলার নেটওয়ার্ক রক্ষণাবেক্ষন। পরিসংখ্যান ভবনে আইসিটি সিকিউরিটি সিস্টেম স্থাপন ও জেলা উপজেলা অফিসে আইসিটি সরঞ্জাম সরবরাহ ও স্থাপন।

প্রকল্পের উদ্দেশ্যঃ

- প্রকল্পের মাধ্যমে হেড অফিসের (৫ এমবিপিএস হতে ২০ এমবিপিএস) ইন্টারনেট উন্নীতকরণ এবং বিভাগ, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিসের সাথে ইন্টারনেট সংযোগ স্থাপন করা;
- হেড অফিসে স্থাপিত নেটওয়ার্ক এবং জেলা ও উপজেলার নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ;
- বর্তমানে স্থাপিত ডিজিটাল আর্কাইভ সিস্টেমকে আরও উন্নীতকরণ;
- পরিসংখ্যান ভবনে আইসিটি সিকিউরিটি সিস্টেম স্থাপন;
- সফটওয়্যার উন্নয়ন, অফিস অটোমেশন (ফাইল ম্যানেজমেন্ট, এইচআরএম, পে-রোল, ভেইকেল ম্যানেজমেন্ট, বাজেটিং এবং অডিটিং ইত্যাদি) ইন্ডাস্ট্রিয়াল পরিসংখ্যান, ফরেন ট্রেড পরিসংখ্যান, কৃষি পরিসংখ্যান ইত্যাদি;
- বিবিএস ও বিবিএস সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ প্রদান।

২০১৫-১৬ অর্থ বছরে বরাদ্দ, আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

২০১৫-১৬ অর্থ বছরে বরাদ্দ	আর্থিক খরচ	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি
৫৩৭.০০ লক্ষ	৯৫.৪০ লক্ষ	১৭.৭৭%	২৫%

প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রমঃ

⇒ e-Tendering প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের বিষয়ে নিম্নলিখিত প্রকল্প ও কর্মসূচিকে সহায়তা প্রদান করা হচ্ছেঃ

ক্রমিক নং	প্রকল্প/কর্মসূচির নাম	e-Tendering প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের সংখ্যা	মন্তব্য
(১)	অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প	৬টি দরপত্র আহ্বান করা হয়েছে। তন্মধ্যে ৩টির কার্যাদেশ প্রদান করা হয়েছে অবশিষ্ট ৩টি প্রক্রিয়াধীন।	
(২)	ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প	২টি দরপত্র e-GP প্রক্রিয়ায় কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন	
(৩)	বাংলাদেশে অবস্থিত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি-২০১৫ প্রকল্প	৪টি দরপত্র e-GP প্রক্রিয়ায় কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন	
(৪)	এফএ এন্ড এমআইএস	১টি দরপত্র e-GP প্রক্রিয়ায় কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন	
(৫)	হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প	২টি দরপত্র e-GP প্রক্রিয়ায় কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন	
(৬)	জনজীবনে জলবায়ু পরিবর্তনে প্রভাব কর্মসূচি	১টি দরপত্র e-GP প্রক্রিয়ায় কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াধীন	

- ⇒ Access Control Security System স্থাপন ও আইডি কার্ড সরবরাহ করা হয়েছে;
- ⇒ আসবাবপত্র ক্রয় করা হয়েছে;
- ⇒ কম্পিউটার সামগ্রী ক্রয় করা হয়েছে;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় ০৮টি ল্যাপটপ ক্রয় করা হয়েছে;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় ০১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় কম্পিউটার ও প্রিন্টার ক্রয়ের জন্য NOA প্রদান করা হয়েছে;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় সার্ভার ও কম্পিউটার ক্রয়ের বিজ্ঞপ্তি জারী করা হয়েছে;
- ⇒ স্বল্পকালীন (৫ মাসের জন্য) ০১ জন Database Management Specialist নিয়োগ প্রক্রিয়াধীন
রয়েছে;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় স্টেশনারী মালামাল ও প্রিন্টার টোনার ক্রয় প্রক্রিয়াধীন;
- ⇒ e-Tendering প্রক্রিয়ায় পরিসংখ্যান ভবনে নেটওয়ার্ক ও Cyber Security স্থাপন ও রক্ষনাবেক্ষণ ক্রয়
প্রক্রিয়াধীন।
- ⇒ e-Tendering বিষয়ে ৪৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ⇒ ২৪ জন উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে Basic Computer প্রদান করা হয়েছে;
- ⇒ ২৫ জন কর্মকর্তাকে Dynamic web-enabled programming + Oracle DBA
Certification Course এর উপর প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে।